بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

February 2, 2011

US keen to support Bangladesh to improve labor rights condition in Bangladesh-US Labor Secretary tells Bangladesh Labor Minister.

"USA is very keen to work with the **Better Work Program**(BWP) for improving labor rights condition of the RMG sector in Bangladesh"- H.E. Hilda L. Solis, Hon'ble Secretary of Labor of the United States said this while she received H.E. Engr. Khandker Mosharraf Hossain, MP, Hon'ble Minister for Labour & Employment and Expatriates' Welfare and Overseas Employment at her office on Wednesday, February 2, 2011.

Highlighting on the importance of the garment sector of Bangladesh in employment generation, women empowerment and export earnings, the Bangladesh Minister mentioned on the various steps taken by the present democratic government for welfare of the garments workers. Referring to the ongoing review for amendment of the existing **Labour Act 2006** and the inputs to be received from ILO on the law, Hon'ble Minister stressed on the support from the Department of Labor, especially for pushing forward the proposed **Better Work Program.** In response, the US Labor Secretary assured him their all out support for the program, informing that a team from ILO will be visiting Bangladesh from February 7-18, 2011 as a part of a feasibility study on the program. US labor Secretary informed that after receiving the report from the ILO, she would send a team from her Department to Bangladesh for framing the modalities of cooperation for the program. US Labor Secretary urged Bangladesh to make necessary amendments to the legal framework of the existing labour law as soon as possible.

In response to the concerns expressed by the US side about the developments following cancellation of registration for the US-funded Bangladesh Center for Workers Solidarity (BCWS) and arrest of its leaders by the Bangladesh Government in the last summer, H.E Mr. Akramul Qader, Bangladesh Ambassador to USA who accompanied the Minister clarified that given the involvement of the arrestees in the unlawful activities and vandalism, the Government had no other option but to go for legal course. Hon'ble Minister stressed that all actions were taken in an transparent manner and with due regard to legal process. Hon'ble Minister invited the US Labor Secretary to visit Bangladesh which she gladly accepted.

The Bangladesh Ambassador hosted a dinner on 2 February,2011 at his Residence in honor of the visiting Minister which was attended by Mr. James Moriarty, US Ambassador to Bangladesh, Ambassador Luis CdeBaca, Ambassador-at-Large on trafficking, Senior officials at the US Government and Embassy officers, among others. The dinner was preceded by a meeting at the Residence between the Hon'ble Minister and Ambassador Luis CdeBaca, Ambassador-at-Large **on** trafficking. During the meeting, both broadly discussed on the issue of human trafficking, and agreed to continue cooperation in this regard. The US side lauded initiative of the Bangladesh Government to finalize the draft on "**The Prevention and Suppression of Human Trafficking Act, 2011"**.

Earlier in the morning, the Bangladesh Labor Minister had a meeting with Mr. Arup Banarjee, Director at the Social Protection and Labor Division of the World Bank. Held at the Washington Hilton, they discussed about the proposed construction of the training centers at district Headquarters in Bangladesh under the auspices of the Ministry of Labor. World Bank evinced keen interest to participate in this regard. H.E Akramul Qader and Kazi Aminul Islam, Alternate Executive Director at the World Bank were also in attendance. Hon'ble Minister also attended the International Luncheon today along with local and foreign dignitaries.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail- pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

ফেব্রুয়ারী ২, ২০১১

শ্রম অধিকার উন্নয়নে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে সাহায্য করতে আগ্রহী-মার্কিন শ্রম মন্ত্রী

"মার্কিন যুক্তরাষ্ট্র **Better Work Program**(BWP) এর মাধ্যমে বাংলাদেশের পোশাক শিল্পে শ্রম অধিকার উন্নয়নে কাজ করতে আগ্রহী"-২রা ফেব্রুয়ারী ২০১১ মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রমমন্ত্রী হিলডা এল সলিস-এর সাথে মাননীয় শ্রম, কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন এর সাক্ষাৎকালে মার্কিন শ্রমমন্ত্রী একথা বলেন।

কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন এবং রপ্তানী আয়ে পোশাক শিল্প খাতের গুরুত্বপূর্ণ অবদানের কথা উল্লেখ করে শ্রমমন্ত্রী বর্তমান গণতান্ত্রিক সরকার কর্তৃক পোশাক শিল্প শ্রমিকদের কল্যাণে গৃহিত বিভিন্ন পদক্ষেপের বিবরণ দেন। বিদ্যমান শ্রম আইন ২০০৬ সংশোধনের চলমান উদ্যোগ এবং আইএলও কর্তৃক এ সংক্রান্ত পরামর্শের বিষয়টি উল্লেখপূর্বক শ্রমমন্ত্রী মার্কিন শ্রম অধিদপ্তরকে এ বিষয়ে সহায়তা প্রদানের অনুরোধ জানান, বিশেষ করে প্রস্তাবিত **Better Work Program**(BWP) এগিয়ে নিতে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সমর্থন চান। প্রত্যুত্তরে মার্কিন শ্রমমন্ত্রী উক্ত প্রোগ্রাম বাস্তবায়নে তাঁর দপ্তরের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন এবং জানান যে, উক্ত প্রোগ্রামের সম্ভাব্যতা যাচাইয়ের অংশ হিসেবে আইএলওর একটি প্রতিনিধিদল আগামী ৭-১৮ই ফেব্রুয়ারী ২০১১ তারিখে বাংলাদেশ সফর করবেন। মার্কিন শ্রমমন্ত্রী জানান, আইএলও-এর রিপোর্টের উপর ভিত্তি করে উক্ত প্রোগ্রামের জন্য সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্র চিহ্নিত করতে তাঁর দপ্তরের একটি প্রতিনিধিদল পরবর্তীতে বাংলাদেশ সফর করবে। মার্কিন শ্রমমন্ত্রী বাংলাদেশে বিদ্যমান আইনী কাঠামোর প্রয়োজনীয় সংস্কারের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহনের অনুরোধ জানান।

মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থায়নে পরিচালিত বাংলাদেশ সেন্টার ফর ওয়াকার্স সলিডারিটি (BCWS) এর নিবন্ধন বাতিল এবং উক্ত প্রতিষ্ঠানের নের্তৃবৃন্দের গ্রেফতারের বিষয়টি মার্কিন পক্ষ কর্তৃক উত্থাপিত হলে, সভায় উপস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের বলেন, গ্রেফতারকৃত ব্যক্তিবর্গ বেআইনী ও নাশকতামূলক কর্মকান্ডে জড়িত ছিলেন বিধায় বাংলাদেশ সরকার আইনানুগ ব্যবস্থা নিতে বাধ্য হয়েছে। এ প্রসংগে মাননীয় শ্রমমন্ত্রী জোর দিয়ে বলেন গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গৃহিত সকল ব্যবস্থা

একটি স্বচ্ছ আইনানুগ প্রক্রিয়ার মাধ্যমে গ্রহন করা হয়েছে। মাননীয় শ্রমমন্ত্রী মার্কিন শ্রমমন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানালে মার্কিন শ্রমমন্ত্রী তা গ্রহন করেন।

২রা ফেব্রুয়ারী ২০১১ মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তাঁর বাসভবনে মাননীয় শ্রমমন্ত্রীর সম্মানে এক নৈশ ভোজের আয়োজন করেন। উক্ত নৈশভোজে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত জনাব জেমস মরিয়ার্টি, মার্কিন সরকারের মানবপাচার বিষয়ক এ্যাম্বেসেডর-এ্যাট-লার্জ জনাব লুইস সিডেবাকা, মার্কিন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা এবং দূতাবাসের কর্মকর্তাগণ অংশগ্রহন করেন। নৈশভোজের পূর্বে মাননীয় শ্রমমন্ত্রী এবং মানবপাচার বিষয়ক মার্কিন এ্যাম্বেসেডর-এ্যাট-লার্জ এর মধ্যে রাষ্ট্রদূতের বাসভবনে একটি সভা অনুষ্ঠিত হয় যাতে মানবপাচার প্রতিরোধের বিভিন্ন দিক সর্ম্পকে আলোচনা হয়। মার্কিন পক্ষ **"The Prevention and Suppression of Human Trafficking Act, 2011"** শীর্ষক আইনের খসড়া চূড়ান্ত করার জন্য বাংলাদেশে সরকারের প্রশংসা করেন।

ইতোপূর্বে ২ ফেব্রুয়ারী ২০১১ সকালে মাননীয় মন্ত্রী ওয়ার্ল্ড ব্যাংকের সোসাল প্রটেকশন ও লেবার ডিভিশন এর পরিচালক জনাব অরুপ ব্যানার্জির সাথে একটি সভায় অংশগ্রহন করেন। ওয়াশিংটন হিলটনে অনুষ্ঠিত উক্ত সভায় তাঁরা বাংলাদেশের জেলাশহরসমূহে শ্রম মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের বিষয়ে আলোচনা করেন। ওয়ার্ল্ড ব্যাংক এ প্রকল্পের বিষয়ে উৎসাহ প্রদর্শন করেছে। মান্যবর রাষ্ট্রদূত আকরামুল কাদের এবং ওয়ার্ল্ড ব্যাংকে নিযুক্ত অলটারনেটিভ এক্সিকিউটিভ ডিরেক্টর কাজী আমিনুল ইসলাম উক্ত সভায় অংশগ্রহন করেন। মাননীয় মন্ত্রী এছাড়াও স্থানীয় ও বিদেশী অভ্যাগতদের সাথে ইন্টারন্যাশনাল লাঞ্চিয়ন এ অংশগ্রহন করেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com